# বার্ষিক প্রতিবেদন

২০২৩-২০২৪

২ অক্টোবর ২০২৪


**বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড**

ইন্টারন্টিনেন্টাল ঢাকার স্বত্ত্বাধিকারী কোম্পানি

১ মিন্টুরোড, ঢাকা-১০০, বাংলাদেশ

https://bsl.gov.bd

# বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড

# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩-২০২৪



ইন্টারকন্টিনেন্টাল ঢাকা

১। **ভূমিকা:**

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-এর অধীন বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) ১৯১৩ সালের কোম্পানি আইন (১৯৯৪ সালে সংশোধিত)-এর আওতায় গঠিত একটি পাবলিক লিমিটেড কোম্পানি। কোম্পানির ৯৯.৬৮% পরিশোধিত মূলধনের অংশীদার বাংলাদেশ সরকার। কোম্পানি আইন ও মেমোরেণ্ডাম এণ্ড আর্টিকেলস্ অব এসোসিয়েশন অনুসারে সরকার কর্তৃক মনোনীত ১১ (এগার) জন সদস্যের সমন্বয়ে গঠিত একটি পরিচালনা পর্ষদ বাংলাদেশ সার্ভিসেস লিমিটেডের পরিচালনার সার্বিক দায়িত্ব পালন করে আসছে।

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড-এর মালিকানাধীন ঢাকা শেরাটন হোটেল পরিচালনার জন্য স্টারউড হোটেলস এন্ড রিসোর্টস-এর সাথে ব্যবস্থাপনা চুক্তির মেয়াদ ৩০-০৪-২০১১ তারিখে উত্তীর্ণ হওয়ার পর সেবার মান বৃদ্ধি ও দেশের সেরা হোটেল প্রতিষ্ঠার লক্ষ্যে বিএসএল সরকারের অনুমোদনক্রমে পাঁচ তারকা হোটেল পরিচালনাকারী বিশ্বব্যাপী খ্যাতনামা ইন্টারকন্টিনেন্টাল হোটেলস গ্রুপ এশিয়া প্যাসিফিক প্রাইভেট লিমিটেড (আইএইচজি)-এর সাথে ১৯-০২-২০১২ তারিখে ৩০ বছর মেয়াদী (যা পরবর্তীতে ৫ বছর পরপর ২ বার নবায়নযোগ্য) ব্যবস্থাপনা চুক্তি স্বাক্ষর করে। হোটেলটি ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে উদ্বোধনের পর টেস্টিং, কমিশনিং ও ব্যালেন্সিং কাজ সম্পন্ন হওয়ার পর ১ ডিসেম্বর ২০১৮ হতে বাণিজ্যিক কার্যক্রম শুরু করে।

২। **দায়িত্ব ও কার্যাবলি:**

**রূপকল্প:** বাংলাদেশের আপস্কেল হোটেল শিল্পে নেতৃত্ব দেয়া।


**অভিলক্ষ্য:** বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতির সংমিশ্রণে বিশ্বমানের সেবার মাধ্যমে অতিথিদের সর্বোচ্চ সন্তুষ্টি অর্জন।

**কার্যাবলি:**

কোম্পানির মালিকানাধীন বাংলাদেশের প্রথম পাঁচতারকা হোটেল, বর্তমানে ইন্টারকন্টিনেন্টাল ঢাকা (সাবেক ঢাকা শেরাটন হোটেল ও রূপসী বাংলা হোটেল), দেশি-বিদেশি অসংখ্য পর্যটকসহ অতিথিদের আন্তর্জাতিক মানের হসপিটালিটি সেবা প্রদান করে আসছে। বিএসএল এর প্রধান কার্যক্রমসমূহ হচ্ছে:

- মালিকানাধীন হোটেলটি পরিচালনা ও তত্ত্বাবধান;
- বিআইসিসি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ (বিআইসিসি পরিচালনার লিজ চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ২১.০১.২০২৪ তারিখে গণপূর্ত অধিদপ্তরের নিকট হস্তান্তর করা হয়েছে);
- হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবস্থিত বলাকা ভিআইপি লাউঞ্জ পরিচালনা;
- প্রতিযোগিতামূলক বিশ্ববাজারে প্রতিষ্ঠানের অবস্থান সুসংহতকরণে কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;
- ন্যাশনাল হোটেল এণ্ড ট্রেনিং ইন্সটিটিউটসহ বিশ্ববিদ্যালয়সমূহের হসপিটালিটি কোর্সের শিক্ষার্থীদের ইন্টার্নশিপে সহায়তাকরণ;
- ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের দক্ষিণ পার্শ্বে ৩(তিন)টি বহুতল ভবনের জায়গা বিভিন্ন বেসরকারি বাণিজ্যিক/সরকারি প্রতিষ্ঠানের নিকট ভাড়া প্রদান করা;
- মিরপুরে বিএসএল এবং ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের কর্মকর্তা ও কর্মচারীদের আবাসনের জন্য নির্মিত ৬(ছয়)টি বহুতল ভবন হতে ভাড়া আদায় ও ভবনসমূহের রক্ষণাবেক্ষণ।

৩। **সাংগঠনিক কাঠামো:**




৪। **মানব সম্পদ ব্যবস্থাপনা:**

বর্তমানে বিএসএল ও -এর মালিকানাধীন হোটেলে মোট ৫০১ জন কর্মকর্তা ও কর্মচারী রয়েছে।

ক) **বিএসএল ও হোটেলের জনবল:**

| বিবরণ | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূণ্যপদ |
|---|---|---|---|
| বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড | ৪৩ | ২৬ | ১৭ |
| ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল | ৪৮০ | ৪৭৫ | ৫ |
| **মোট** | **৫২৩** | **৫০১** | **২২** |

খ) **প্রশিক্ষণঃ**

২০২৩-২০২৪ অর্থবছরে মানবসম্পদ উন্নয়নে ২৬ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বিএসএল-এর কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত প্রশিক্ষণের বিবরণী নিম্নে প্রদান করা হলোঃ

| ক্রমিক নং | প্রশিক্ষণের বিষয় | মোট অংশগ্রহণকারী |
|---|---|---|
| ১. | সেবা প্রদান প্রতিশ্রুতি | ২৩ |
| ২. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ৪৩ |
| ৩. | অভিযোগ প্রতিকার ব্যবস্থা | ৪৪ |
| ৪. | ”ই-নথি ও ডি-নথি” | ১৬ |
| ৫. | কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা | ২০ |
| ৬. | তথ্য অধিকার আইন | ৬৩ |
| ৭. | দাপ্তরিক কাজে টিমওয়ার্ক, নৈতিকতা এবং সেবা | ২১ |
| ৮. | e-GP and Public Procurement Rules (PPR) 2008 | ২৬ |

৫। **বাজেটঃ**

বিএসএল নিজস্ব আয়ে পরিচালিত একটি পাবলিক লিমিটেড কোম্পানি। কোম্পানি পরিচালনার জন্য সরকারি তহবিল হতে কোন বাজেট বরাদ্দ করা হয় না। তবে কোম্পানির কাংখিত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন এবং কোম্পানি পরিচালনার জন্য প্রতিবৎসর পর্ষদ কর্তৃক কোম্পানির আয় ও মুনাফার বাজেট অনুমোদন করা হয়। বিএসএল এর ২০২৩-২০২৪ সালের অনুমোদিত বাজেটের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদান করা হলোঃ

| খাত | টাকা (কোটি) |
|---|---|
| আয় | ১৮০.০৯ |
| ব্যয় | ১২৪.৬৫ |
| পরিচালন মুনাফা/(ক্ষতি) | ৫৫.৪৫ |

৬। **বার্ষিক কর্মসম্পাদন চুক্তিঃ**

গত ০৬.০৭.২০২৩ তারিখে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং বিএসএল-এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলটি (বলাকা এক্সিকিউটিভ লাউঞ্জসহ) ২০২৩-২০২৪ অর্থবছরে **১৯৩.০২** কোটি টাকা আয় করেছে। হোটেল রুম, খাদ্য ও পানীয় বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ছাড়া, গ্রাহকদের সন্তুষ্টি, কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ ও অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ৭০ নম্বরের মধ্যে বিএসএল ৬৯ নম্বর অর্থাৎ ৯৮.৫৭% অর্জন করেছে। এপিএ-এর অন্তর্ভূক্ত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনসহ এপিএ মোট ১০০ নম্বরের মধ্যে বিএসএল ৯৮.৭৮ অর্থাৎ ৯৮.৭৮% অর্জন করেছে।

৭। **শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নঃ**

<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>বাস্তবায়ন/অর্জন</th></tr>
<tr><td>১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন</td><td>সভা আয়োজিত</td></tr>
<tr><td>১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন</td><td>সিদ্ধান্ত বাস্তবায়িত</td></tr>
<tr><td>১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা</td><td>সভা অনুষ্ঠিত</td></tr>
<tr><td>১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন</td><td>প্রশিক্ষণ আয়োজিত</td></tr>
<tr><td>১.৫ কর্ম পরিবেশ উন্নয়ন (টিওএণ্ডইভূক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য আলাদা ওয়াশরুমের ব্যবস্থা করা)</td><td>উন্নত কর্ম পরিবেশ</td></tr>
<tr><td>১.৬ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগাতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান</td><td rowspan="6">প্রযোজ্য নয় (মাঠ পর্যায়ে কোন কার্যালয় নেই)</td></tr>
<tr><td>২.১ ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ</td></tr>
<tr><td>২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)</td></tr>
<tr><td>২.৩ বাজেট বাস্তবায়ন</td></tr>
<tr><td>২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন</td></tr>
<tr><td>২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর</td></tr>
<tr><td>৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ</td><td>কোন সরকারি যানবাহন নেই বিধায় প্রযোজ্য নয়। তবে বিএসএল-এর ক্রয়কৃত ২টি গাড়িতে জিপিএস স্থাপন করা হয়েছে</td></tr>
<tr><td>৩.২ ইন্টারকন্টিনেন্টাল হোটেলে ক্রয়কৃত মালামাল গ্রহণের সময় আকস্মাৎ পরিদর্শন</td><td>পরিদর্শনকৃত</td></tr>
<tr><td>৩.৩ বিএসএল-এর অফিস কমপ্লেক্সের দৈনন্দিন রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ৩(তিন) কার্যদিবসের মধ্যে ভাড়াটিয়াদের আবেদন মোতাবেক সেবা প্রদান</td><td>সেবা প্রদত্ত</td></tr>
<tr><td>৩.৪ কর্তৃপক্ষের অনুমোদনের পর সরবরাহকারী/ঠিকাদারের বিল-এর বিপরীতে চেক প্রস্তুতপূর্বক ৩(তিন) কার্যদিবসের মধ্যে ইমেইল/এসএমএস-এর মাধ্যমে সরবরাহকারী/ঠিকাদারদের অবহিতকরণ</td><td>চেক প্রস্তুতপূর্বক অবহিত করা হয়েছে</td></tr>
<tr><td>৩.৫ আসবাবপত্রে স্টিকার লাগানো</td><td>স্টিকার লাগানো সম্পন্ন</td></tr>
<tr><td>৩.৬ বিএসএল রেসিডেন্সিয়াল কমপ্লেক্স পরিদর্শন</td><td>পরিদর্শনকৃত</td></tr>
</table>

৮। **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন:**

- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদার করা হয়েছে;
- উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত;
- সেবা সহজিকরণ করা হয়েছে;
- সেবা ডিজিটাইজেশন করা হয়েছে;
- ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ-এর ডাটাবেজ হালনাগাদ করা হয়েছে ও ডাটাবেজসমূহের সেবা অব্যহত রয়েছে;
- ই-ফাইলে নোট নিষ্পত্তিকরণ প্রক্রিয়াধীন রয়েছে;
- সেবাসমূহ তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়েছে;
- স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে;
- স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করা হয়েছে;
- বাংলাদেশে আতিথেয়তা শিল্প গড়ার লক্ষ্যে বিভিন্ন প্রকল্প ও উদ্যোগ গ্রহণের নিমিত্ত ইন্টারকন্টিনেন্টাল ঢাকা স্মার্ট বাংলাদেশ নেটওয়ার্কের সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে;
- ইন্টারকন্টিনেন্টাল ঢাকায় ভিন্নভাবে সক্ষম (Differently Abled Colleagues) ৪ (চার) জন শ্রবণ ও বাক প্রতিবন্ধীকে নিয়োগ প্রদান করা হয়েছে।

৯। **সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন:**

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন, সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়িত হয়েছে।

১০। **অভিযোগ প্রতিকার ব্যবস্থা:**

বিএসএল-এর অভিযোগবাক্সে অনলাইনে কোন অভিযোগ জমা পড়েনি।

১১। **তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন:**

তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান, স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ, বার্ষিক প্রতিবেদন প্রকাশ, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ, তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ এবং তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

১২। **সার্বিক কর্মকান্ড ও উল্লেখযোগ্য অর্জন:**

ক) **ইন্টারকন্টিনেন্টাল ঢাকা:** ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলটি ২০২৩-২০২৪ অর্থবছরে ১৪২.৫৯ কোটি টাকা আয় করেছে (বলাকা লাউঞ্জ বাদে)।

খ) **বলাকা এক্সিকিউটিভ লাউঞ্জ পরিচালনা:** বিএসএল ইন্টারকন্টিনেন্টাল ঢাকার মাধ্যমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবস্থিত বলাকা এক্সিকিউটিভ লাউঞ্জ পরিচালন করে দেশের ও আন্তর্জাতিক এয়ারলাইন্স-এর যাত্রীদের আন্তর্জাতিক মানের লাউঞ্জ সেবা প্রদান করছে। প্রতিবেদনাধীন সময়ে বিএসএল বলাকা এক্সিকিউটিভ লাউঞ্জ পরিচালনা করে মোট ৫০.৪৩ কোটি টাকা আয় করেছে।

গ) **স্থাপনা ভাড়া ও ব্যবস্থাপনা:** ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের দক্ষিণ পার্শ্বে বিএসএল-এর নিজস্ব ৩টি ভবন রয়েছে। আন্তর্জাতিক সংস্থা, ব্যাংকসহ সরকারি/বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট এ তিনটি ভবনের স্পেস ভাড়া প্রদান করে প্রতিবেদনাধীন সময়ে বিএসএল ১০.০০ কোটি টাকা আয় করেছে।

ঘ) **আবাসিক কমপ্লেক্স ব্যবস্থাপনা:** ঢাকাস্থ মিরপুর সেকশন-১৩-এ বিএসএল-এর কর্মকর্তা ও কর্মচারীদের জন্য একটি আবাসিক কমপ্লেক্স রয়েছে। উক্ত আবাসিক কমপ্লেক্সের ৫টি বহুতল ভবন (মোট ১৪০টি ফ্ল্যাট) বিএসএল কর্মকর্তা ও কর্মচারীদের বসবাসের জন্য ভাড়াভিত্তিক বরাদ্দ প্রদান ও রক্ষণাবেক্ষণ করে থাকে। বিএসএল উক্ত আবাসিক কমপ্লেক্স হতে ২০২৩-২০২৪ অর্থবছরে বাড়া বাবদ ১.৫০ কোটি টাকা আয় করেছে।

১৩। **অন্যান্য উল্লেখযোগ কার্যক্রমঃ**

ক) **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস:**

- ❖ জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে;
- ❖ ২১ ফেব্রুয়ারির শোক ব্যানার বিএসএল অফিস কমপ্লেক্স, ইন্টারকন্টিনেন্টাল ঢাকায় স্থাপন করা হয়েছে;
- ❖ বিএসএল ও ইন্টারকন্টিনেন্টাল ঢাকার কর্মকর্তা-কর্মচারীগণ প্রভাত ফেরীতে অংশগ্রহণ করেছে;
- ❖ বিএসএল ও ইন্টারকন্টিনেন্টাল ঢাকার কর্মকর্তা-কর্মচারীগণ হোটেল প্রাঙ্গনে অবস্থিত শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন করেছে;
- ❖ ইন্টারকন্টিনেন্টাল ঢাকায় আলোচনা সভা ও মিলাদ মাহফিলে আয়োজন করা হয়েছে।




বিএসএল ও ইন্টারকন্টিনেন্টাল ঢাকার কর্মকর্তা-কর্মচারীগণের প্রভাত ফেরীতে অংশগ্রহণ

খ) **জাতীয় দিবস উপলক্ষ্যে পালনকৃত কার্যক্রম:**

- ❖ ২৫ থেকে ২৬ মার্চ ২০২৪ পর্যন্ত ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল ভবন এবং হোটেলের সীমানা প্রাচীরে আলোকসজ্জা স্বাধীনতা যুদ্ধের উপর আলোকচিত্র দিয়ে ব্র্যাণ্ডিং করা হয়েছে।

- ❖ ২৬ মার্চ ২০২৪-এ ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ, দোয়া ও মুনাজাত করা হয়েছে।

- ❖ ২৬ মার্চ মহান মুক্তিযুদ্ধে হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এর ভুমিকা বিষয়ে হোটেলে আলোচনা করা হয়েছে।

- ❖ ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে মার্চ মাসে গেস্টরুমে বিশেষ ডিসকাউন্ট এবং ২৬ মার্চ ২০২৪ উপলক্ষ্যে ফুড এণ্ড বেভারেজের উপর ২৬% এবং বীর মুক্তিযোদ্ধাগণের জন্য ৫০% ডিসকাউন্ট প্রদান করা হয়েছে।



ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ

গ) **বিজয় দিবসে পালনকৃত কার্যক্রম:**

- ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের প্রাচীরের বাইরের অংশে ও বিআইসিসি-এর সীমানা প্রাচীরের বাইরের অংশে স্বাধীনতা যুদ্ধের উপর আলোকচিত্র দিয়ে ব্র্যাণ্ডিং করা হয়েছে;
- এতিমদের মধ্যে উন্নতমানের খাদ্য বিতরণ করা হয়েছে;
- বিএসএল কর্তৃক পরিচালিত বিআইসিসি আলোকসজ্জা করা হয়েছে;
- ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল আলোকসজ্জা করা হয়েছে;
- মহান বিজয় দিবসে হোটেল প্রাঙ্গনে শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ ও জাতীয় পতাকা উত্তোলন করা হয়েছে;
- মহান বিজয় দিবসের আলোচনা সভার আয়োজন করা হয়েছে;
- ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে গেস্টরুম ও ফুড এণ্ড বেভারেজের উপর বিশেষ ডিসকাউন্ট দেয়া হয়েছে।



বিজয় দিবসের ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে আলোকসজ্জা



বিআইসিসি আলোকসজ্জা




মহান বিজয় দিবসে ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল প্রাঙ্গনে শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ ও জাতীয় পতাকা উত্তোলন



মহান বিজয় দিবসের আলোচনা সভা

ঘ) **বাংলাদেশ সার্ভিসেস লিমিটেডের ৫০ বছর পূর্তি উদযাপন:**

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেডের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ আয়োজন করা হয়।



৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান

১৫। **ভবিষ্যত কর্মপরিকল্পনা:**

ক) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ৩য় টার্মিনালে আন্তর্জাতিক অভিজ্ঞতা সম্পন্ন অপারেটর, IHG কর্তৃক লাউঞ্জ পরিচালনার জন্য গুরুত্বপূর্ণ স্থানে জায়গা বরাদ্দ পাওয়া;

খ) প্লাস্টিক পানির বোতল ব্যবহার রোধকল্পে "zero mile water bottle project" এর মাধ্যমে সর্বত্র কাঁচের বোতলে পানি সরবরাহ চালুকরণ এবং পরবর্তীতে আমাদের মন্ত্রণালয়সহ সচিবালয়ে কাঁচের বোতলে পানি সরবরাহ;

গ) বাংলাদেশ পর্যটন কর্পোরেশন কর্তৃক কক্সবাজারে জায়গা পাওয়া সাপেক্ষে হোটেল নির্মাণ;

ঘ) BSL Skill Academy for Hospitality Industry স্থাপন।